দৈনিক জনকণ্ঠ

SEP. 03 1999

তারিখ ... ... SEP. 02 1999
পৃঃ ১ কলাম ২

প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া

# শিক্ষক ফেডারেশনের জরুরী সভায় এক শ' ভাগ বেতন প্রদানের দাবি

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের জরুরীসভায় বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতনের এক শ' ভাগ প্রদানসংক্রান্ত প্রধানমন্ত্রী শেখ হাসিনার সদিচ্ছামূলক প্রতিশ্রুতি অবিলম্বে বাস্তবায়নের জোর দাবি জানানো হয়। বৃহস্পতিবার বিকালে ফেডারেশনের কেন্দ্রীয় কার্যালয়ে শেখ আমানুল্লাহর সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়।

এর আগের দিন বুধবার বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ৫৫ সদস্যের প্রতিনিধি দলকে তাঁর কার্যালয়ে প্রদত্ত সাক্ষাতকারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষকদের মর্যাদা ও অধিকার রক্ষায় তাঁর সদিচ্ছা পুনর্ব্যক্ত করেন এবং একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়নে শিক্ষকদের প্রতি যথাযথ দায়িত্ব পালনের আহ্বান জানান। বৃহস্পতিবারের সভায় বক্তব্য রাখেন, ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এবং বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান ডলার, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূঞা, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোঃ তোয়াহা, কেন্দ্রীয় নেতা অধ্যক্ষ মেজবাউল আলম, অধ্যক্ষ বেলায়েত হোসেন, অধ্যাপক আসাদুল হক, আজিজুল ইসলাম, কাজী আবদুর রাজ্জাক, অধ্যাপক সাইদুর রহমান, অধ্যাপক প্রদীপ নারায়ণ সাহা, অধ্যাপক আবদুর রব মিয়া, অধ্যাপক মীর্জা মহিউদ্দিন, কাজী মুজিবুর রহমান, মুহিবুর রহমান চৌধুরী প্রমুখ। সভায় গৃহীত এক সিদ্ধান্তে শিক্ষার মানোন্নয়নে সম্ভাব্য সর্ব প্রকার দায়িত্ব পালনের অভিপ্রায় ব্যক্ত করা হয় এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার সদিচ্ছামূলক প্রতিশ্রুতি অবিলম্বে বাস্তবায়নের জন্য সরকারের প্রতি জোর দাবি জানিয়ে বলা হয় যে, সিদ্ধান্ত বাস্তবায়নে বিলম্ব শিক্ষকদের মধ্যে ব্যাপক ক্ষোভের সৃষ্টি করবে। সভায় শিক্ষার মান উন্নয়নে ১৫ দফা ও নকল প্রতিরোধে ৭ দফা সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে ফেডারেশনের পূর্ব ঘোষিত কর্মসূচী যথাযথভাবে পালনের জন্য ফেডারেশনের থানা ও জেলা এবং সদস্য সংগঠনসমূহের প্রতিটি শাখার প্রতি আহ্বান জানানো হয়। —বিজ্ঞপ্তি।